

**Recommendation for the amendments of the constitution of  
Howrah Vivekananda Institution Ex-Students' Association  
(2009 – 4 pages)**

**বিবেকানন্দ ইন্সটিটিউশন্ হাওড়ার  
প্রাক্তন ছাত্র সমিতির সংবিধান সম্পর্কে প্রস্তাব**

**নাম : VIVEKANANDA INSTITUTION, HOWRAH,  
EX-STUDENTS' ASSOCIATION (V.I.E.A)**

কার্যালয় : 69/1/1, Swami Vivekananda Road, Howrah-711104

- উদ্দেশ্য :
- ১) বিবেকানন্দ ইন্সটিটিউশন্, হাওড়ার প্রাক্তন ছাত্রদের মধ্যে নিরবচ্ছিন্ন সম্পর্ক রক্ষা;
  - ২) প্রতি বছর প্রাক্তন ছাত্র সম্মেলনের আয়োজন করা;
  - ৩) বিদ্যালয়কে সর্বাঙ্গীন সহায়তা প্রদান করা;
  - ৪) বিদ্যালয়ের উন্নয়নকল্পে অর্থ সংগ্রহ করা;
  - ৫) বিদ্যালয়ের ছাত্রদের ভবিষ্যৎ পড়াশুনা ও বিভিন্ন বৃত্তির সুযোগ সম্পর্কে অবহিত করা;
  - ৬) শক্তি, সামর্থ্য ও প্রয়োজনানুযায়ী নানা প্রকার জনহিতকর কাজ সংগঠিত করা।  
এছাড়া নির্বাহী সমিতির সমিতির সিদ্ধান্ত অনুযায়ী কর্মক্ষেত্রের ব্যাপ্তি ঘটানো যেতে পারে।

প্রধান উপদেষ্টা: বিদ্যালয়ের প্রধান শিক্ষক (পদাধিকার বলে)

- সদস্য :
- ১) বিবেকানন্দ ইন্সটিটিউশন্ হাওড়া অথবা হাওড়া বিবেকানন্দ ইন্সটিটিউশন্ থেকে ম্যাট্রিকুলেশন/স্কুল ফাইনাল/উচ্চমাধ্যমিক (এগারো ক্লাস)/মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক (বারো ক্লাস) অথবা পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অনুমোদিত বিদ্যালয় ত্যাগের প্রথম পরীক্ষায় (First Public Examination) উত্তীর্ণ ব্যক্তিগণ এই সংস্থার সদস্য হতে পারবেন;
  - ২) V.I.E.A বা অ্যাসোসিয়েশন-এর নির্বাহী সমিতি কর্তৃক নির্ধারিত আবেদনপত্রে সদস্য হওয়ার জন্য আবেদন করতে হবে এবং সদস্যপদ মঞ্জুর করবার অধিকার কেবলমাত্র নির্বাহী সমিতির থাকবে;

প্রাক্তন ছাত্র সম্মেলন-২০০৯



- ৩) নির্বাহী সমিতি দ্বারা স্থিরীকৃত প্রবেশ মূল্য/মাসিক চাঁদা/বাৎসরিক চাঁদা প্রত্যেক সদস্য দিতে বাধ্য থাকবেন;
- ৪) প্রত্যেক সদস্য অ্যাসোসিয়েশনের সংবিধান ও নিয়মাবলী মানতে বাধ্য থাকবেন;
- ৫) শর্তসাপেক্ষে প্রত্যেক সদস্যর বাৎসরিক সভা এবং সম্মেলনে যোগদান করা এবং ভোটাধিকার প্রয়োগ করার অধিকার থাকবে;
- ৬) প্রত্যেক সদস্যর নির্বাহী সমিতি অথবা অন্য কোন কমিটি/উপসমিতিতে নির্বাচিত হওয়ার অধিকার থাকবে;
- ৭) ফৌজদারী মামলায় যেকোন আদালত দ্বারা দণ্ডিত কোন ব্যক্তি এই সংগঠনের সদস্য হতে পারবেন না;
- ৮) সংগঠনের কোন বিষয়ে গুরুতর আপত্তি থাকলে প্রত্যেক সদস্য নির্বাহী সমিতির কাছে লিখিত আবেদন করার অধিকার থাকবে এবং নির্বাহী সমিতির কোন সিদ্ধান্ত সম্পর্কে গুরুতর আপত্তি থাকলে সম্মেলনে লিখিতভাবে উপস্থাপিত করার অধিকার থাকবে।

### ● নির্বাহী সমিতি (Executive Committee)

- ১) দুটি সম্মেলনের মধ্যবর্তীকালে অ্যাসোসিয়েশন-এর সর্বোচ্চ সংস্থা হল নির্বাহী সমিতি (Executive Committee)
- ২) নির্বাহী সমিতির সর্বাধিক সংখ্যা—যার মধ্যে বিদ্যালয়ের প্রধানশিক্ষক দ্বারা মনোনীত দুজন শিক্ষক প্রতিনিধি থাকবেন। এছাড়া বাৎসরিক প্রাক্তন ছাত্র সম্মেলনের (Ex-students' reunion) সভাপতি, সম্পাদক এবং কোষাধ্যক্ষ তাঁদের এক বছর মেয়াদের জন্য আমন্ত্রিত সদস্য থাকবেন। আমন্ত্রিত সদস্যদের ভোটাধিকার থাকবে না।
- ৩) নির্বাহী সমিতির সদস্যগণ সম্মেলন দ্বারা সরাসরি নির্বাচিত হবেন;
- ৪) নির্বাহী সমিতির মেয়াদ অনধিক তিন বছর;
- ৫) অনিবার্য কারণে সম্মেলন বিলম্বিত হলে নতুন নির্বাহী সমিতি গঠিত না হওয়া পর্যন্ত পুরোনো নির্বাহী সমিতি কাজ চালিয়ে যাবেন;
- ৬) অ্যাসোসিয়েশন-এর যে কোন সদস্যর পদত্যাগপত্র গ্রহণ করার অধিকার সমিতির থাকবে;
- ৭) নির্বাহী সমিতির কোন সদস্য পূর্ব সংবাদ ব্যতীত একাধিক্রমে তিনটি সভায় অনুপস্থিত থাকলে এই সমিতি লিখিতভাবে তাঁর কাছে অনুপস্থিতির কারণ জানতে চাইবেন এবং তাঁর লিখিত উত্তর সন্তোষজনক না হলে নির্বাহী সমিতি তাঁর এই নির্বাহী সমিতির সদস্যপদ খারিজ করার অধিকারী;
- ৮) সমিতির নির্বাচিত সদস্য সংখ্যার শতকরা একাংশ (51%) সদস্যর উপস্থিতি কোন সভার 'কোরাম' বলে গণ্য হবে;
- ৯) নবনির্বাচিত নির্বাহী সমিতির প্রথম সভা আহ্বান করবেন বিদায়ী সভাপতি;
- ১০) বছরে কমপক্ষে চারটি নির্বাহী সমিতির বৈঠক করতে হবে;
- ১১) নির্বাহী সমিতির সভার আহ্বায়ক হবেন সাধারণ সম্পাদক;
- ১২) জরুরী বিষয় সম্পর্কে সিদ্ধান্ত নির্বাহী সমিতি সঞ্চালন সভা (Circulation Meeting)-র মাধ্যমে গ্রহণ করার অধিকারী;
- ১৩) অ্যাসোসিয়েশন-এর ত্রিবাৎসরিক সম্মেলন কর্তৃক গৃহীত সিদ্ধান্তবলী প্রয়োগ করার দায়িত্ব নির্বাহী সমিতির;
- ১৪) অ্যাসোসিয়েশন-এর প্রবেশ মূল্য (admission fee) মাসিক/বাৎসরিক চাঁদা ধার্য করার অধিকারী নির্বাহী সমিতি;
- ১৫) নির্বাহী সমিতি বিভিন্ন উপসমিতি গঠন করার অধিকারী;
- ১৬) সংগঠনের যে কোন সদস্য উপসমিতির সদস্য হতে পারেন;
- ১৭) নির্বাহী সমিতির যে কোন সদস্যর পদত্যাগপত্র গ্রহণ এবং উক্ত শূন্যপদ পূরণের (Co-Option) অধিকার থাকবে;
- ১৮) কার্যকরী সভাপতিকে অবশ্যই নির্বাহী সমিতির সদস্য হতে হবে;
- ১৯) সভাপতি নির্বাহী সমিতির সদস্য হতেও পারেন, নাও হতে পারেন;
- ২০) সভাপতি, অডিটর, এবং আইনী পরামর্শদাতা ব্যতীত সমস্ত পদাধিকারীকে নির্বাচন করবে নির্বাহী সমিতি;
- ২১) নির্বাহী সমিতি প্রয়োজন অনুযায়ী বিভিন্ন পদাধিকারী নির্বাচন করার অধিকারী;
- ২২) এই সমিতি প্রয়োজনে, বিশেষত বিদ্যালয়ের উন্নয়নকল্পে অর্থ গ্রহণ করার অধিকারী;





- ২৩) নির্বাহী সমিতিতে প্রতি বৎসর বাৎসরিক সাধারণ (annual general meeting) এবং বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র সম্মেলন (ex-students' reunion)-এর আয়োজন করতে হবে;
- ২৪) বাৎসরিক সাধারণ সভার বিষয়সূচি স্থির করবেন নির্বাহী সমিতি;
- ২৫) তিন বছর মেয়াদ পূরণের প্রাক্কালে Vivekananda Institution Ex-students' Association -এর সম্মেলনের আয়োজন করতে হবে নির্বাহী সমিতিতে;
- ২৬) সম্মেলন আহ্বান করে বিজ্ঞপ্তি জারির কমপক্ষে এক মাস (ইংরেজি ক্যালেন্ডারের ৩০ দিন) পর সম্মেলন আয়োজিত হবে;
- ২৭) নির্বাহী সমিতির সভার জন্য বিজ্ঞপ্তি জারির কমপক্ষে সাত দিন পর সভা অনুষ্ঠিত হতে পারবে;
- ২৮) জরুরী সভা (Emergency Meeting) বিজ্ঞপ্তি জারির তিনদিন (৭২ ঘণ্টা) পর অনুষ্ঠিত হতে পারবে;
- ২৯) নির্বাহী সমিতির মোট সদস্য সংখ্যার ১/৩ অংশ যদি লিখিতভাবে সভাপতি/কার্যকারী সভাপতির কাছে তলবী সভা (Requisition Meeting) দাবি করেন, তাহলে সভাপতি/কার্যকারী সভাপতি সে-বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন;
- ৩০) নির্বাহী সমিতির সভায় সিদ্ধান্ত সাধারণ সংখ্যাগরিষ্ঠতা (Simple Majority)-র ভিত্তিতে গৃহীত হবে;
- ৩১) বাৎসরিক সাধারণ সভা এবং সম্মেলনের অন্যতম আলোচ্য বিষয় হবে আয়-ব্যয়ের হিসাব;
- ৩২) নির্বাহী সমিতি একজন কোষাধ্যক্ষ নির্বাচন করবে এবং কোষাধ্যক্ষ অ্যাসোসিয়েশনের তহবিলের দায়িত্বে থাকবেন;
- ৩৩) অ্যাসোসিয়েশনের আর্থিক বছর হবে ১ এপ্রিল থেকে ৩১ মার্চ;
- ৩৪) কোন সদস্য শৃঙ্খলা ভঙ্গ করলে গুরুত্ব অনুধাবন করে নির্বাহী সমিতি উক্ত সদস্যকে “শৃঙ্খলাভঙ্গ এবং শাস্তি” শিরোনামে উল্লিখিত শাস্তি প্রদান করার অধিকারী।

#### ● শৃঙ্খলাভঙ্গ এবং শাস্তি

নিম্নলিখিত যে কোন কাজ শৃঙ্খলাভঙ্গ বলে গণ্য হবে :

- ১) ধারাবাহিক সংগঠন বিরোধী কার্যকলাপ;
- ২) তহবিল তহরুপ;
- ৩) ভারতের যে কোন আদালত দ্বারা শাস্তিপ্রাপ্তি (রাজনৈতিক কারণ ভিন্ন)।

উপরোক্ত যে কোন কারণে নির্বাহী সমিতি শৃঙ্খলাভঙ্গকারী সদস্যকে প্রয়োজনানুযায়ী নিম্নরূপ শাস্তি প্রদান করতে পারবেন—

- ১) নিন্দা প্রস্তাব;
- ২) সতর্কীকরণ;
- ৩) সাময়িকভাবে সদস্যপদ মূলতুবী (Suspension);
- ৪) বহিষ্কার।

#### ● বাৎসরিক প্রাক্তন ছাত্র সম্মেলন (Ex-students' Annual Reunion)

- ১) এই সংবিধান গৃহীত হওয়ার পর থেকে ১৯৪৪ খ্রিস্টাব্দে প্রচলিত ‘বিবেকানন্দ ইনস্টিটিউশন প্রাক্তন ছাত্র সম্মেলন’-এর ধারা অব্যাহত রেখে প্রতি বছর প্রাক্তন ছাত্র সম্মেলন অনুষ্ঠিত হবে।
- ২) “বিবেকানন্দ ইনস্টিটিউশন প্রাক্তন ছাত্র সম্মেলন”-এর ধারা অব্যাহত রেখে বাৎসরিক প্রাক্তন ছাত্র সম্মেলন উৎসব অনুষ্ঠিত হবে;
- ৩) অ্যাসোসিয়েশনের নির্বাহী সমিতি বাৎসরিক প্রাক্তন ছাত্র সম্মেলন-এর পরিচালন সমিতি (Steering Committee) হিসাবে কাজ চালাবে;
- ৪) বাৎসরিক প্রাক্তন ছাত্র সম্মেলন উক্ত পরিচালন সমিতির সক্রিয় সহযোগিতা এবং প্রত্যক্ষ তত্ত্বাবধানে আয়োজিত হবে;
- ৫) বাৎসরিক প্রাক্তন ছাত্র সম্মেলন সংগঠিত করার জন্য একটি উৎসব কমিটি গঠিত হবে;



- ৬) উৎসব কমিটি এক বছরের জন্য প্রাক্তন ছাত্র সম্মেলনের নির্বাহী সমিতির দায়িত্ব গ্রহণ করবে;
- ৭) কেবলমাত্র বর্ষ প্রতিনিধিরাই (Year Representative) এই উৎসব কমিটির সদস্য হতে পারবেন;
- ৮) বর্তমান প্রাক্তন ছাত্র সম্মেলনের রীতি অনুযায়ী বাৎসরিক প্রাক্তন ছাত্র সম্মেলন পরিচালিত হবে। প্রয়োজনে এ বিষয়ে বিশদ নিয়মাবলী প্রস্তুত করার অধিকারী হবে অ্যাসোসিয়েশন-এর নির্বাহী সমিতি।

### ● ত্রিবার্ষিক সম্মেলন

- ১) Vivekananda Institution, Howrah, Ex-students' Association -এর সর্বোচ্চ সংস্থা (body) হল সম্মেলন;
- ২) দুটি সম্মেলনের মধ্যবর্তী সময়ে নির্বাহী সমিতি অ্যাসোসিয়েশন-এর উচ্চতম সংস্থা বলে গণ্য হবে;
- ৩) প্রতি তিন বছর অন্তর সম্মেলন অনুষ্ঠিত হবে যার আহ্বায়ক ও আয়োজক হবে নির্বাহী সমিতি। অবশ্য নির্বাহী সমিতি প্রয়োজনে নির্ধারিত সময়ের আগেই সম্মেলনের আয়োজন করতে পারে;
- ৪) সম্মেলনের আলোচ্যসূচি স্থির করবেন নির্বাহী সমিতি;
- ৫) সম্মেলন চলাকালীন নির্বাহী সমিতি পরিচালন সমিতি (Steering Committee)-র দায়িত্বভার গ্রহণ করবে;
- ৬) সম্মেলনে একটি সভাপতিমণ্ডলী (Presidium) থাকবে, যেটি সম্মেলন দ্বারা নির্বাচিত হবে;
- ৭) সম্মেলন সভাপতি, অডিটর এবং আইনী পরামর্শদাতা (legal advisor)-কে সরাসরি নির্বাচিত করবে;
- ৮) সম্মেলন নির্বাহী সমিতির নির্দিষ্ট সংখ্যক সদস্যদের নির্বাচিত করবে
- ৯) সম্মেলনে সকল সিদ্ধান্ত সাধারণ সংখ্যাগরিষ্ঠতা (simple majority)-র মাধ্যমে গৃহীত হবে;

### ● সংবিধান সংশোধন

- ১) নির্বাহী সমিতি সিদ্ধান্ত গ্রহণ করলে অথবা অ্যাসোসিয়েশন-এর মোট সদস্য সংখ্যার ১/৩ অংশ লিখিতভাবে দাবি করলে নির্বাহী সমিতি সংবিধান সংশোধনের জন্য বিশেষ সম্মেলন অথবা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে;
- ২) সংবিধান সংশোধন সংক্রান্ত সুনির্দিষ্ট প্রস্তাব সদস্যদের মধ্যে পূর্বাঙ্কে বন্টন করতে হবে;
- ৩) সম্মেলনে উপস্থিত সদস্যদের ২/৩ অংশের সমর্থন না পেলে সংবিধানের কোন ধারা বা উপধারা সংশোধন করা যাবে না।